

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডুমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর  
২৮ শহীদ তাজউদ্দিন আহমদ সরণি  
তেজগাঁও, ঢাকা-১২০৮  
[www.dlrs.gov.bd](http://www.dlrs.gov.bd)

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০৩.১৮.০১৮.১৭

তারিখ:

১০/১০/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ ল্যাড সার্টে ট্রাইব্যুনাল গঠন প্রসংশ্লে।

সূত্রঃ এ অধিদপ্তরের ১৮/১২/২০১৮ তারিখের ৩১.০৩.২৬৯২.০০৩.১৮.০১৮.১৭-১১৫১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা, দিনাজপুর, চট্টগ্রাম ও পটুয়াখালীতে রিভিশন জরিপের কাজ চলমান থাকায় উক্ত জোনসমূহের অধীন জরিপ কাজ চূড়ান্ত হওয়ার পর ডুমি মালিকগণ কর্তৃক রেকর্ড সংশোধনের জন্য মোকদ্দমার উত্তৰ হতে পারে এবং তা নিষ্পত্তির লক্ষ্যে The State Acquisition and Tenancy Act. 1950 এর ধারা ১৪৫ এর (এ) অনুযায়ী ল্যাড সার্টে ট্রাইব্যুনাল গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ করা হয়েছিল।

২। রেকর্ডের ঘোষেট প্রকাশ ও হস্তান্তর হওয়ার পর ইতোমধ্যে বেশ কিছু ব্যক্তি ল্যাড সার্টে ট্রাইব্যুনাল গঠন করার জন্য নিয়মস্বাক্ষরকারী বরাবর আবেদন করেছেন এবং জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা ও সেটেলমেন্ট অফিস, দিয়ারা অপারেশন, ঢাকা হতেও ল্যাড সার্টে ট্রাইব্যুনাল গঠন করার প্রস্তাব পাওয়া গেছে। উপর্যুক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে আইনগত বাধ্যবাধকতা থাকায় অবিলম্বে ল্যাড সার্টে ট্রাইব্যুনাল গঠন করা আবশ্যিক।

৩। উপর্যুক্ত যে, ডুমি মন্ত্রণালয় কর্তৃক ল্যাড সার্টে ট্রাইব্যুনাল ও ল্যাড সার্টে আগীলেট ট্রাইব্যুনাল গঠন সম্পর্কিত এসএ এড টি এ্যাটের সংশ্লিষ্ট ধারাসমূহ বাতিল/সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি আইন সংশোধন না হওয়ায় ডুমি মালিকগণ আইনগত প্রতিকারের সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে।

৪। এমতাবস্থায় এসএ এড টি এ্যাট সংশোধন না হওয়া পর্যন্ত ডুমি মালিকদেরকে আইনগত প্রতিকার প্রদানক্ষেত্রে জোনাল সেটেলমেন্ট অফিস, ঢাকা, এর অধীন জেলাসমূহ ( ঢকা, গাজীপুর, নরসিংড়ী, নারায়ণগঞ্জ, মুসিগঞ্জ এবং মানিকগঞ্জ জেলা) জোনাল সেটেলমেন্ট অফিস, দিনাজপুর, এর অধীন জেলাসমূহ (দিনাজপুর, ঠাকুরগাঁও ও পঞ্চগড় জেলা) জোনাল সেটেলমেন্ট অফিস, চট্টগ্রাম এর অধীন জেলাসমূহ (চট্টগ্রাম ও কক্সবাজার জেলা) এবং জোনাল সেটেলমেন্ট অফিস, পটুয়াখালী এর অধীন জেলাসমূহের (পটুয়াখালী ও বরগুনা জেলা) জন্য ল্যাড সার্টে ট্রাইব্যুনাল গঠন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

(মোঃ তসলীমুল ইসলাম এনডিসি)

মহাপরিচালক

ফোনঃ ৮১৭০৪৮৫

e-mail: dgdlrs@gmail.com

সচিব  
ডুমি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব, (জরিপ)]

স্মারক নং- ৩১.০৩.২৬৯২.০০৩.১৮.০১৮.১৭—৮৭০/১ (৫)

তারিখঃ ১১/১০/২০১৯ খ্রিঃ।

জ্ঞাতার্থে- জোনাল সেটেলমেন্ট অফিসার, ঢাকা/দিনাজপুর/চট্টগ্রাম/পটুয়াখালী/সেটেলমেন্ট অফিসার, দিয়ারা অপারেশন, ঢাকা।

১০/১০/১০/১০  
১১.১. ২০১৯  
উপ-পরিচালক (সেঃ অপাঃ-১)  
ডুমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, ঢাকা।